মাত্র আরো ছয় মাসের মধ্যে নিজের কিশোর ছেলের কাছে পরাজিত হলেন বাবা। সব খবর নিয়ে বুঝিয়ে সুঝিয়ে, মেরে ধরে কোনোভাবেই ছেলের মোড় ঘুরিয়ে দিতে পারলেন না। হঠাৎ করেই পরিবারের সবার সঙ্গে সম্পর্কের বাঁধন হাল্কা হয়ে গেল। শুধু ছোট্ট পুঁচকী বোন জিনিয়া ছাড়া।
জিহাদ মনে মনে ভাবলো, যাক বাঁচা গেছে। এমনিতে সে সব সময় পারস্পরিক আচার অনুষ্ঠান থেকে দূরে থাকতে চায়। শুধু মা আর জিনিয়া তাকে ছাড়তে চায় না, আঁকড়ে ধরে। তারও এই দুজনের জন্যে খুব খারাপ লাগে, তবে বড় কিছু করতে গেলে ছোট্ট-ছোট্ট একান্ত নিজস্ব অনেক কিছু ভুলতে হয় কামাল খান বোখতিয়ার স্পষ্টভাবে তা বুঝিয়ে বলেছেন। সবাই ঘুমিয়ে পড়লে মা তার ঘরে এসে কেঁদে ফেলেন।
– তোর বাবা এসব কি বলছেন ! তুই এসবে কেন জড়িয়ে গেলি বাবা ? মাঝে-মাঝে কই চলে যাস দু'তিনদিন। প্রায় রাতে ফিরিস না। কেন তুই অশান্তি ডেকে আনছিস সংসারে।
– মা তুমি নামাজ পড় না পাঁচ ওয়াক্ত! বলো না ইসলাম হচ্ছে শান্তির ধর্ম। দেখো এক শান্তির সমাজ গড়ে তুলতে এখন নিজেই বাঁধা দিচ্ছো।
মা কিছুই বোঝেন না, কি বলবেন। নামাজে দুই হাত তুলে ছেলেকে আবার স্বাভাবিকভাবে ফিরিয়ে দিতে মোনাজাত করতেও ভয় পান ! যদি তার সন্তান আল্লাহর পথে কাজ করছে তাহলে তিনিই তাকে রক্ষা করবেন। তাকে ফিরিয়ে আনতে দোয়া করলে যদি ভুল হয়। মা কি করবেন বুঝে উঠতে পারেন না। নামাজ শেষে মোনাজাতে একমাত্র আল্লাহর কাছে হাত তুলে নিজের সব দুঃখ বলতেন। তাতেও বাধা মনে করছেন। কাকে তিনি বলবেন তার সন্তানকে আগের মতো ফিরিয়ে দিতে।
জিহাদের মা, ছোট্ট বোন জিনিয়ার সঙ্গে আর একটি মুখও চিন্তায় বারবার উঁকি দিয়ে যায় সেটি মরিয়ম-এর। তাদের রেল কোয়ার্টারের বিল্ডিং-এ নিচের তলায় থাকে। ভিকারুন্নেসা স্কুলে ক্লাস নাইনে পড়ে। স্কুলে যাওয়ার পথে দেখা হলে আগের মতো আর চিঠি আদান-প্রদান হয় না। শুধু মরিয়ম চিঠি জোর করে তার হাতে গুঁজে দিয়ে যায়। সেই একই মায়ের মতোই কথা। তুমি কেন এমন করছো ? তোমার ওপর আমার কত ভরসা, কত আশা ছিলো।
জিহাদ এই তিনজনকে তার চিন্তায় আনতে চায় না। তবু তারা কিভাবে যেন চলে আসে।
জিহাদ ঢাকা কেন্দ্রীয় অফিসের নেতা ও ফ্রন্টের ইসলামি স্কলার আল্লামা বদরুল হায়দার নাদভীর অনেক কথা শুনেছে তার লেখা বইও পড়েছে। শুধু তার কাছে নয় ইসলামিক ছাত্র ফ্রন্টে সবার কাছে তিনি হিরো। তিনি নিজে জিহাদের সঙ্গে দেখা করতে চেয়েছেন। তার চট্টগ্রাম সফরে মাত্র পাঁচজন ছাত্র ফ্রন্টের সুযোগ পেয়েছে দেখা করে কথা বলার। গত দুই মাস আগে চট্টগ্রামের দশজন মেধাবী ক্যাডার তার সঙ্গে ফোনে পাঁচ মিনিট কথা বলার সুযোগ পেয়েছিল। সেই দশ জনের মধ্যে জিহাদও ছিলো। সবাই তো ভক্তিভরে বিগলিত কথাবার্তা বললো। জিহাদই শুধু জানতে চেয়েছিল– আপনার বই খুবই প্রিয়, পড়ে জ্ঞান আরো বিস্তার করে। এইটুকু শুনেই তিনি জিহাদকে থামিয়ে 'শুকরিয়া' বললেন।
জিহাদ তাৎক্ষণিক বলে উঠেছিল আমার প্রশ্ন শেষ হয়নি আল্লাহা ! আপনার এমন চিন্তাশীল বইয়ে বাংলা ভাষা প্রয়োগ যদি আর একটু ভালো হত।
– তার মানে ?
– আল্লামা আমি বলতে চাই বাক্যগঠন আর বানান ভুল যদি কেউ ভালো করে দেখে দিত। তাহলে ভালো হত। আল্লামা বদরুল হায়দার নাদভী চুপ মেরে গিয়েছিলেন। ছেলেটির বাংলা ভাষা জ্ঞান তাহলে ভালোই আছে।
তাই তিনি এবার চট্টগ্রাম আসায় দেখা করতে চেয়েছেন। এদিকে জিহাদেরও ভয় করছে আল্লামার মতো ব্যক্তিত্ব তার সঙ্গে কেন দেখা করতে চান ! কে জানে।
হয়ত তার বইয়ের ভাষা নিয়ে, বানান নিয়ে কথা বলেছিল! সেটাই কারণ। কি দরকার ছিলো এসব বলার। তবে তার স্বভাবই এরকম, তাই সবার মধ্যে আলাদাভাবে চিহ্নিত হয়ে যায় সে। একরকম পাগলাটে সাহস কাজ করতো তার মধ্যে। আল্লামা বুঝেছেন ছেলেটি বুদ্ধিমান, মুহূর্তে ডিসিশান নিতে পারে। অ্যাকশন ক্যাডার গ্রুপে নিতে পারলে ভালো কাজ দেবে।
চট্টগ্রাম পার্টি অফিসের দোতলায় এক এসি রুমে আল্লামা সবার সঙ্গে পাঁচ মিনিট করে কথা বলবেন।
কি কথা বলবেন জানতে জিহাদ কৌতূহল চেপে রাখতে পারছিল না। তাই

কামাল আল বোখতিয়ার ভাইয়ের সঙ্গে এক রেস্টুরেন্টে দেখা করল। তিনিও বললেন– ঠিক জানেন না। রেস্টুরেন্ট থেকে বেরুতেই কামাল আল বোখতিয়ারের হাত চেপে ধরলো একলা একজন ডিবি পুলিশ। কখন থেকে পিছু নিয়েছিল কে জানে। সঙ্গে জীপ কিম্বা সঙ্গী ছিলো না। সিএনজিতে করে নিয়ে যেতে চাইছিল ডিবি অফিসে। হাত চেপে ধরে গাড়ির জন্যে দাঁড়িয়ে ছিল বেশ কিছুক্ষণ। বোখতিয়ার ভাইয়ের নামে বেশ কয়েকটা ওয়ারেন্ট ছিলো। রাস্তার অন্য পাড়ে দাঁড়িয়ে দেখছিল জিহাদ। যেখানে ডিবি আর বোখতিয়ার ভাই দাঁড়িয়ে আছেন ঠিক পেছনেই দুই মানুষ গভীর পচা ড্রেন। দৌড়ে গিয়ে ডি.বি ব্যাটাকে ড্রেনে ধাক্কা দিতে পারলে দ্রুত হাজারী গল্লির ভীড়-ভাট্টার মধ্যে দুজন মিশে গিয়ে গায়েব হয়ে যেতে পারবে।

মাত্র এক মিনিটে সিদ্ধান্ত নিল, তিন মিনিটে কাজ হয়ে গেল। লোকটা কিছু বোঝার আগেই ধাক্কা খেয়ে ড্রেনে পড়ে যেতেই বোখতিয়ার ভাই স্বাভাবিক-ভাবে পা চালিয়ে হাজারী গলির ভিড়ে ঢুকে পড়লেন। ইশারায় জিহাদকেও দৌড় দিতে মানা করলেন।

বেশ অনেকটা হেঁটে এক পানের দোকানের সামনে দাঁড়ালেন। পান মুখে দিয়ে আঙুলের ডগায় এক্সট্রা চুন জীভে ঘষে তাকে কাছে ডাকলন। জিহাদের ভেতরটা উত্তেজনায় ফেটে পড়ছে। বাইরে সারা শরীর ঘেমে নেয়ে গেছে। অবাকভাবে সে দেখল বোখতিয়ার ভাই কিভাবে এতো স্বাভাবিক আচরণ করছেন। হাত নেড়ে রিকশা থামিয়ে তাকে নিয়ে উঠে পড়লেন। কিছুটা এগিয়ে যেতে তিনি জিহাদের পিঠে নিজের হাত রেখে মৃদু স্বরে বললেন– আমি বুঝে ফেলেছি, তুমি একদিন ঠিকই বড় সিপাহিসালার হবে। তবে এত উত্তেজনা ভালো নয়, বশ করো নিজকে। এটি তোমার শরীর তোমার মন তোমারই মগজের ইশারায় চলবে।

পরের দিনই ডাক এলো আল্লামা বদরুল হায়দার নাদভী দেখা করতে মেহদী-বাগ গোলপাহাড়ের এক টিলার ওপর এক ফ্লাট বাড়ির চার তলায় দরজায় গিয়ে টোকা দিতে হবে ঠিক চারটায়। সময়ের আগেই গোলপাহাড়ের মোড়ে এক চায়ের দোকানে গিয়ে বসলো। উত্তেজনার টিকটিকি আবার বুকের ভেতরে টিক টিক করতে শুরু করেছে। তার মনে পড়লো বোখতিয়ার ভাই বলেছেন এত উত্তেজনা ভালো নয়।

যতই ঝেড়ে ফেলতে চেষ্টা করছে ততই ভেতরে ভেতরে উত্তেজনার সাপ তাকে জড়িয়ে ধরছে। সে সিপাহিসালার হবার যোগ্য! এর মানে কী ! সেনাপতি গোছের কিছু হবে হয়ত। সে একজন সিপাহি মানে সোলজার, তাকে উত্তেজনা কাবু করতে হবেই।

সুকুমার দার বুক স্টলে এক অলস দুপুরে সে চেগুয়েভারা নামের এক বিপ্লবীর জীবনী পড়েছিল। তিনিও দাঁড়ি রেখে সমাজতন্ত্রের জন্যে দেশের দুখী মানুষের জন্যে যুদ্ধ করে শহীদ হয়েছেন। সেও মানুষের জন্যে তৌহীদি মন্ত্রে শান্তি আনবে।

ঠিক চারটা বাজার পাঁচ মিনিট আগে সে বিল্ডিং লবিতে ঢুকলো। সিকিউরিটি কেন্দ্রে গিয়ে বললো – লোকমান তালুকদার লিফটে তিন দেখিয়ে দিল গার্ড। উপরে উঠে ৪০৭ নম্বর দরজায় মাত্র এক টোকা দিতে দরোজা খুলে গেল। সম্ভবত তিনি অপেক্ষায় ছিলেন। ভেতরে প্রবেশ করে সে দেখল বোখতিয়ার ভাই ছাড়া আর তিনজন তার পরিচিত নয়। আল্লামা বদরুল হায়দার নাদভীর ছবিও আগে দেখেনি জিহাদ। তবে সবার মধ্যে ওনাকে চেনা যায়। লেনিনের মতো বিশাল টাক পুরোটা কাভার করতে পারে নাই টুপি। দুই গাল বেয়ে চিবুকে এসে মিশেছে ছোট ক্ষুর দিয়ে চিকন করে দাঁড়ির লাইন এসে চিবুকে মিশেছে। গোফ নেই। টুপী খুলে পেছনের চুল যা আছে লম্বা করলে র‍্যাপ গানের ভোকাল আর্টিস্ট লাগে। সামান্য কাটা ঠোঁট। চোখের পালক পড়ে অনেক দেরি করে। কারো দিকে এই পলকহীন দৃষ্টি মেলে তাকিয়ে থাকলে যে কারো অস্বস্তি লাগবে। জিহাদের দিকে তাকিয়ে আছেন, চোখে প্রশংসার হাসি।

– তুহি বোধহয় আমাদের সর্বকনিষ্ঠ কর্মী।

জিহাদ চুপ করে দাঁড়িয়ে, তার গলা শুকিয়ে আছে।

– এসো এদিকে এসো, বসো। বেশ বুদ্ধিদীপ্ত মুখ। তোমার সঙ্গে ফোনে কথা বলে দেখতে ইচ্ছা করছিল। তবে তুমি যেভাবে বোখতিয়ারকে জানে বাঁচিয়েছ। সত্যি প্রশংসার যোগ্য। একটু থেমে আবার শুরু করলেন– তোমার মতো তড়িৎ বুদ্ধি জ্ঞানসম্পন্ন মানুষকে আমি অ্যাকশন ক্যাডার হিসেবে নিতে চাই। আপত্তি আছে কোনো ?

জিহাদ ধাক্কা খেয়ে চমকে গেছে। তিনি হাত ধরে নিয়ে গিয়ে তার পাশে সোফায় বসালেন।

এরপর ঘণ্টাখানেক এমনভাবে কথা বললেন যে জিহাদ বুঝতে পারল ইতোমধ্যে তিনি তার মগজের কোন্ট্রোল নিয়ে নিয়েছেন। আন্তরিকতাও বেড়েছে। বয়স কম বলে গুরুত্ব পেলাম না, তা নয়।

সেই সময় থেকে ২২ নম্বর অ্যাকশন গ্রুপের সেও একজন হয়ে গেল। ফটিকছড়ি চা বাগানের আস্তানায় দশদিনের ট্রেনিং-এ সে শিখলো হাল্কা মার্শাল আর্ট এবং পেট্রোল দিয়ে বোমা বানাতে। তার শেখার স্কিল অন্যদের তুলনায় এত ভালো যে সবাই প্রশংসা করল।

দলের কমান্ডার না হলেও গ্রুপের নির্ভরশীল একজন। এরপর বেশ কয়েকবার অ্যাকশন হয়ে গেছে। তাদের বেশ কয়েকজন নেতাকে ধরিয়ে দিয়েছিল যে সোর্স। তিনি থাকেন টায়গার নামে এক টিলার ওপর রেল বাংলোতে। সাহস করে বাংলোর ভেতরে ঢুকে বোমা ছোঁড়ে জিহাদ। স্পটে বসেই পেট্রেল দিয়ে বোমা বানিয়েছে। এরপর কুলশী, দেওয়ান হাট, রাউজান, চাকতাই একের পর এক অপারেশন। পেট্রোল দিয়ে বোমা বানানো আর সঠিক সময়ে ব্যবহার করার হাফেজ হয়ে গিয়েছিল জিহাদ। সে নিজের বাসায় ফেরে এখন পাঁচ-দশদিন পর পর। স্টেশনের পাশেই তাদের রেল কোয়ার্টার। একরাত কিম্বা দু'রাত থেকে আবার বেরিয়ে পড়ে। অনেকদিন আর মরিয়মের সঙ্গে তার দেখা হয় না। তার জন্যে জিহাদ চিঠি লিখে জামায়। কোনো একদিন দেবে বলে। ছোট বোন জিনিয়াকে খুব দেখতে ইচ্ছে করে।

মানুষের মন ভীষণভাবে কিছু চাইলে কখনো-সখনো তা পেয়ে যায়। জিহাদের বেলায় তেমনি হলো।

জিনিয়া স্কুল থেকে দুপুরে ফিরে একা বাসায় রয়ে গেছে। অন্যরা সবাই বিয়েতে গেছে। জিহাদের নিজর পরিবর্তনের পরে সে নিজেও খুশি নেই। কেমন যেন কি তার মগজে আঁকড়ে ধরে আছে। না পারছে দাঁড়াতে ! না পারছে পুরোটি ডুব দিতে। কোনো কিছুই ধৈর্য্যের সঙ্গে করতে পারে না সে। খবর পেয়েছে জিনিয়া স্কুলে খুব খারাপ করছে। সবাই তার বড় ভাই নিয়ে নাকি ভেঙ্গায়। ইচ্ছা করে একদিন ছোট বোনের স্কুলে ঢুকে সবাইকে পেট্রোল বোমায় ঝলসে দি। তবে তা সম্ভব নয়, তার আদরের ছোট বোনটি তার সম্পর্কে কিছুই জানে না। শুধু তাকে দেখলে আনন্দে হাত উঁচিয়ে চিৎকার করে জড়িয়ে ধরতে ছুটে আসে।

খালি বাসায় জিহাদ চা বানিয় খেলো। তারপর জানালা দিয়ে নিচে তাকাতে দেখল পিঠে ব্যাগের বোঝা নিয়ে তার ছোটবোন জিনিয়া দুলতে-দুলতে হেঁটে আসছে। ওপর থেকে দেখে সে ঘরের দরজা খুলে অপেক্ষা করতে লাগল। জিনিয়া ব্যাগের ছোট্ট পকেট থেকে দরজার চাবি বের করতে গিয়ে দেখে ভাইয়া দাঁড়িয়ে আছে। সঙ্গে-সঙ্গে আনন্দে আত্মহারা হয়ে জিহাদের বুকে ঝাপিয়ে পড়ল জিনিয়া।

ভাইকে জড়িয়ে ধরে চোখে-চোখ রেখে দেখছে জিনিয়া। ভাইয়ার জামা-প্যান্ট বেশ ময়লা। ভাইয়া তো নোংরা জামা পছন্দ করত না। শরীরের জামা থেকে এক ধরনের গন্ধ আসছে। ভাইয়ার সুন্দর চোখগুলো কেমন ভেতরে ঢুকে গেছে। হাত বাড়িয়ে জিনিয়া ভাইয়ের কপালে জমে থাকা ঘাম মুছে দিলো।

জিহাদ বোনের কপালে দ্রুত আঙুল দিয়ে বিলি কাটতে-কাটতে হঠাৎ নাক চেপে ধরল। বোনকে দুষ্টামি গলায় বললো– আর বেশি দেরি নেইরে বোন ! আমরা সমাজটা টুকরো টুকরো করে ভেঙে আবার নিজেদের মতো করে সাজাবো। দেখবি দেশটা কত সুন্দর হবে। আল্লাহর বান্দা সবাই সমান, আসলেই সমান থাকবে।

জিনিয়া বুঝতে পারে ভাই বড়ই অস্থির, আরো ডুবে গেছে। তাকে কিছু বোঝানো তার পক্ষে সম্ভব নয়।

বোনকে জিজ্ঞেস করে জিহাদ– তোর মরিয়াম আপু কেমন আছেন ?

জিনিয়া কোনো উত্তর দেয় না। সে বলতে পারে না মরিয়ম আপু প্রায় খোঁজ নেয় তোর ভাই এসেছিল কিনা ! নিজকে ছাড়িয়ে জিনিয়া ছুটে অন্য ঘরে চলে যায়।

পকেটে নেই তার বড় ক্যানভাসের ব্যাগে বেশ ক' বোতাল পেট্রোল আর অন্য সরঞ্জাম আছে সেটারই ডান পকেট থেকে টেনে বের করে জিহাদ বেশ কয়েকটা চকলেট আর ললিপপ।

দূরে গিয়েও ইউ টার্ন নিয়ে জিনিয়া আবার ভাইয়ের কাছে ছুটে আসে দু'পাটি দাঁতই তার পোকা খেয়ে তরমুজের বিচির মতো করে ফেলেছে। পোকা খাওয়া দাঁত বের করে হেসে বলে– দাও!

আবার জিনিয়াকে বুকে জড়িয়ে ধরতে সে খিল খিল করে হেসে ওঠে। দু'হাতে তার চকলেট।

জিহাদ ভাবে মা-বাবারা নেই বাঁচা গেছে। গোসল করে যা আছে গরম করে

খেয়ে বেরিয়ে যেতে হবে।

সুদর্শন বাবু জিহাদকে দেখে আর চিনতে পারেন না। তার ছোট্ট থেকে দেখা জিহাদ যেন এ নয়। উল্টে-পাল্টে সে অন্যরকম হয়ে গেছে, খুব ভয় লাগে ছেলেটির জন্যে। তিনি জন্মের পর-পর তবুতো তার ছেলেকে হারিয়েছেন। তিনি বোঝেন বাবা-মায়ের সন্তান হারানোর কষ্ট। ধরা পড়ে ! নাকি মারা পড়ে কে জানে !

তিনি দেখেন স্টেশনে তাদের তৎপরতা। যাত্রীদের মধ্যে লিফলেট বিলি করা। একবার তো দু'টো বড় ব্যাগ তার দোকানে রেখে জিহাদ বললো– দাদা এমন কিছু না! দয়া করে রাখেন ঘণ্টা দুয়েক পর দু'জন এসে নিয়ে যাবে। জিহাদকে শক্তভাবে না করতে গিয়েও পারেননি।

যখন ট্রেন লাইন তুলে ট্রেনকে হুমড়ি খেয়ে ফেলতে শুরু হলো। ট্রেনের বগির ভেতরে যাত্রীসহ পেট্রোল বোমায় ঝলসে উঠতে লাগল সব। তখনই এক দুপুরে তাদের এক নেতাকে প্লাটফর্মে পেয়ে হাত চেপে ধরে বললেন– জিহাদকে এসব থেকে আপনারা মুক্তি দেন!

লোকটা তার কথার কোনো উত্তর দিল না, একঝটকায় হাত ছাড়িয়ে সরে গিয়ে অপলক দৃষ্টিতে তার দিকে তাকিয়ে বললো– নিজের প্রাণের কথা ভাবেন! জিহাদকে নিয়ে চিন্তা করবেন না!

সুদর্শন বড়ুয়া তবু বলে বসলেন– ছোট্ট একটা ছেলেকে এই ভয়ঙ্কর কাজে আপনাদের জড়িয়ে ফেলা কি এক মহৎ কাজ ?

লোকটা এবার সুদর্শন বাবুকে কোনো উত্তর দিল না। অপলক চোখে তাকিয়ে দেখল। চোখের ভাষাই বলে দিচ্ছে– এই ব্যাটা মালাউন! তুইতো গেছোস!

সুদর্শন বাবু ধীর পায়ে সরে গেলেন। তার মায়া যদি থাকে তা নিজের প্রাণের জন্যেই, তাকে প্রাণে বেঁচে থাকতে হবে আরো কিছু বছর। তার প্রাণের সঙ্গে জুড়ে আছে তার দুই মেয়ে ও স্ত্রীর প্রাণ। মেয়েদের বিয়ে হয়নি। স্ত্রীর শিক্ষা যোগ্যতাও নেই তাছাড়া সারা জীবন ঘরে সংসারই করেছে সে কিভাবে তার অনুপস্থিতিতে দুই মেয়েকে সামলাবে এবং সংসার চালাবে। তার না থাকা মানে দুই মেয়েসহ স্ত্রীর ভেসে যাওয়া।

মাঝে মধ্যে নিজের ওপরই রাগ হয়। ইচ্ছে করে চোখের সামনে এত কিছু দেখছেন, তা থামাতে দোষীদের শাস্তি দিতে প্রশাসনকে জানাবেন ! তবে প্রশাসন কে ? পুলিশের অনেকেই তাদের সাহায্যদাতা, মাসিক চাঁদা ভোগী। চুপ থেকে গাছ-পাথর হয়ে ওঠা ছাড়া তার আর কি উপায় আছে মাঝে মাঝে ভাবেন তিনি।

বৃহস্পতিবার এমনিতে স্টেশনে অন্যদিনের তুলনায় ভিড় বেড়ে যায়। পরের দিন ছুটি হয়তো তাই যাতায়াত বাড়ে সবার। হপ্তা শেষে বাড়ি ফেরারও ধুম পড়ে যায়।

তবে এই বৃহস্পতিবার অন্যরকম সকাল থেকে বড়ুয়া টের পাচ্ছেন। অনেকে আসছে অন্যত্র থেকে হাতে ক্যানভাসের ব্যাগ। হাত থেকে হাত বদল হচ্ছে। নেতা কামাল আল বোখতিয়ারকে তিনি দেখেছেন ভীষণ তৎপর। দিন এগোরোটা থেকে বারোটার মধ্যে দু'বার দেখেছেন জিহাদকে দূর থেকে কয়েক জনের সঙ্গে হেঁটে যাচ্ছে খুবই নির্লিপ্তভাবে।

টিটি-গার্ডদের বাথরুমে তিনিও যান তাকে পারমিশন দেওয়া আছে। ভিড়-ভাট্টা কম বেশ নিরিবিলি পরিষ্কার পরিচ্ছন্ন। পাবলিক টয়লেটে গেলে গন্ধে আর নোংরাতে অজ্ঞান হওয়ার অবস্থা হয়। ছোট্ট ঘরে খিল লাগিয়ে বসে ছিলেন সুদর্শন বাবু। চাপা গলায় শুনতে পেলেন কয়েকজন কথা বলছে।

– ঠিক তিনটা চল্লিশ ধলঘাট স্টেশন থেকে গাড়ি ছাড়লেই অ্যাটাক হবে। তিনটা আট বাজতে উল্টো দিক থেকে ২০ ডাউন চট্টগ্রামমুখী ট্রেন এসে থামবে। সবাই তাতে উঠে পড়তে হবে। হাতে সময় মাত্র চৌদ্দ মিনিট। হাই কমান্ড ঢাকা থেকে আসা আল্লামা মিনিট নয় সেকেন্ড-সেকেন্ডের সঙ্গে মিলিয়ে কাজ করা পছন্দ করেন।

সুদর্শন বাবু বুঝলেন আজ বিরাট অঘটন ঘটবে। সময়টা পর্যন্ত জেনে ফেলেছেন তিনি। অথচ কাকে বলবেন এসব কথা। পুলিশেইতো তাদের লোক ভরা। জানালে তার প্রাণটা যাবে। অস্থিরভাবে কাটছে সময়, এত অসহায় তিনি। কিছু করা গেল না। চারটা বেজে দশ মিনিটে স্টেশন মাস্টার সাহেবের কাছে খবর এল। ধলঘাটে চট্টগ্রাম থেকে যাওয়া ট্রেনটির দুই বগীতে পেট্রোল বোমায় পুড়ে ছাই। আপাতত ছয়জনের মৃত্যু হয়েছে আহত অনেক।

না তাকে কেউ সন্দেহ করছে না। অন্যরাও এই ট্রেনেই অন্যত্র আছে। নিশ্চিত হয়ে বসে একটু আরাম করে বসলো কাচ সরিয়ে জানালার বাইরে হাত রাখল। চিবুক ঠেকিয়ে বাইরে তাকাল জিহাদ। অনেক দিন পর সবুজ গাছগাছরা ক্ষেত, প্রান্তর বেশ মনোযোগ দিয়ে দেখছে জিহাদ। তার খুব ভালো লাগছে। ট্রেনের চাকার ছন্দময় শব্দর তালে তালে দুলুনী। পার হয়ে আসা দূরে নদীর ওপর মরচে ধরা লোহার কালুঘাট ব্রিজ মরা ডাইনসরের মতো পড়ে আছে। তন্ময় হয়ে ব্রিজের দিকে তাকিয়ে থাকল জিহাদ। কতদিন ব্রিজের গায়ে রঙ দেওয়া হয়নি কে জানে। লাল টুকটুকে রঙে যদি রাঙিয়ে দেওয়া যেত। মাথা নিচু করে সবুজ ক্ষেত দেখতে-দেখতে উপরে মাথা তুলল জিহাদ। সবুজ প্রান্তরে বিলীন হয়ে গেছে আকাশ। সবার সঙ্গে সবার একটা সম্পর্ক আছে। নদীর সঙ্গে মাটি মাটির সঙ্গে গাছগাছরা, আকাশ নদী দেখতে গিয়ে ভীষণভাবে মায়ের কথা, জিনিয়ার কথা মনে পড়ল। তাদের ভীষণ দেখতে ইচ্ছে করতে লাগল। ছোট্ট বোন জিনিয়া ভীষণ চকলেট পছন্দ করে। সে কি আর তাকে চকলেট দিতে পারবে। জিনিয়ার মতো একই বয়সের অনেকে আজ ট্রেনের বগিতে ছিলো যারা পুড়ে গেছে, তারাও কি চকলেট পছন্দ করত ! এই সব এলোমেলো ভাবতে-ভাবতে পাহাড়তলী স্টেশনে ট্রেন থামতেই ভারি বুটের শব্দে চমকে উঠলো জিহাদ। দু'দরজা দিয়ে চারজান দ্রুত উঠে এসেছে। হাতে বেয়োনেট যুক্ত লোডেড রাইফেল। জিহাদ এক মুহূর্তের জন্যে সময় পেল না কিছু করার। রাইফেল উঁচিয়ে ঘিরে ফেলল তাকে। নিজের ভেতরে সে শব্দহীন চিৎকার করে উঠল– কে ? কে বিট্রে করলো। কিভাবে খবর পেল পুলিশ। কিভাবে তাকে চিহ্নিত করলো এত সহজে।

ট্রেন ছাড়ার আগে অন্য যাত্রীদের নামিয়ে নিয়ে গেছে অন্য বগিতে দুইজন পুলিশ। উঠে এসেছে ছোট-বড় নানা রঙের ব্যাজ লাগান আরো পুলিশ কর্মকর্তা। প্রায় ন্যাংটো করে সার্চ করা হলো তাকে। ব্যাগে যা সরঞ্জাম বাকি ছিলো হাতে নাতে পেয়ে গেল। মোটা থলথলে হাবিলদার চুলের মুঠি করে ধরল জিহাদের। ট্রেনে চাকার তালে-তালে তার মুখটা সজোরে ছোঁয়াতে লাগল আয়রন দেয়ালে। বার বার একই আঘাতে জিহাদের নাক ফেটে কিংবা ভেঙে রক্ত স্রোত বেরুচ্ছে। সামনে দাঁতগুলো ভেঙেছে কিংবা ঠোঁট কেটে ছিঁড়ে একাকার।

পুলিশের একটাই প্রশ্ন – অন্যরা কই ?

কারো কোনো কথাই জিহাদের কানে যাচ্ছে না। এখনো সে ভাবতে পারছে আর ভাবছে কোথায় ভুল হলো তার। নাকি তাদের লোকরাই কাজ শেষে ধরিয়ে দিয়েছে। নতুন কাজ নতুন ক্যাডার দিয়ে করানো উচিত মনে করে। আর বেশিক্ষণ হয়ত তার মগজ কাজ করবে না। বোঝা গেল ট্রেন থামছে। চট্টগ্রাম স্টেশনে এসেছে তাহলে।

পুলিশের দল জিহাদকে নিয়ে ট্রেন থেকে নামতেই সুদর্শন বড়ুয়া দেখলেন। থেতলানো মুখে যতই রক্তের মুখোশ থাকুক জিহাদকে চিনতে তার একটু অসুবিধা হবে না। তার এই অবস্থা দেখে চমকেও ওঠেননি তিনি। এরকম একটা দৃশ্য দেখবেন প্রায়তার মনে হতো।

তার হঠাৎ ভয় হলো, জিহাদ যদি তার সঙ্গে কথা বলতে এগিয়ে আসে ! তাহলে পুলিশী ঝামেলা থেকে তিনিও বাঁচবেন না। সারা প্লাটফর্মের যাত্রীরা হাঁ করে জিহাদকে দেখছে। যাই করুক জিহাদ ছেলেটিকে তার এক মগজ ধোলাই পুতুল মনে হয়। যখনই যা করে দৃঢ়তার সঙ্গে করে। এখনো একটু টলেনি নিজের বিশ্বাস থেকে।

হাতে হ্যান্ডকাপ লাগান তারপর দড়ি দিয়ে মুচড়ে বাঁধা। কোমরেও দড়ি বাঁধা। সারা মুখ রক্তাক্ত। একটুখানি ছোট্ট ছেলে অথচ একটুও পা কাঁপছে না। কান্নাকাটিরও লক্ষণ নেই। চোখ দুটো আগের মতো জ্বলজ্বল করছে।

নাহ, সুদর্শন বাবুর সামনে দিয়ে গেলেও জিহাদ তার দিকে চোখ তুলে তাকাল না। শেষবার দাদাকে দেখার ইচ্ছা খুব কষ্টে জিহাদ চেপে রাখল। কিন্তু পারলা না স্টেশন থেকে বেরিয়ে পুলিশ ক্যাম্পে ওঠার আগে রেল কলোনির তিন তলায় তাদের বাসার জানালার দিকে তাকাতে। জানালায় ময়লা পর্দা ঝুলছে।

দুই মুহূর্ত মাত্র সময় জিহাদ মনে মনে কাতরভাবে বলতে লাগল। জিনিয়া একবার এসে দাঁড়াও। মা, মাগো একবার এত কোলাহল শুনে জানালায় পর্দা সরিয়ে এসে দাঁড়াও একবার শেষ দেখি।

বাতাসে বেশ দুললো পর্দা কেউ কেউ জানালায় এসে দাঁড়াল না। জীপ থেকে বেরিয়ে আসা কয়েক জোড়া হাত মাছের মতো জিহাদকে টেনে নিল ভেতরে। লোকের ভীগের সঙ্গে সুদর্শন বড়ুয়াও বেরিয়ে এসেছিলেন দোকান ছেড়ে। দূর থেকে দেখলেন ধোঁয়া ছেড়ে জিহাদকে নিয়ে পুলিশ জীপ স্টেশন রোডের ভিড়ে মিশে গেল।

অথচ কেউ দেখল না প্লাটফর্মে দাঁড়ানো ঢাকাগামী মেইল ট্রেনের এসি কুপের দরজায় দাঁড়িয়ে পুরো ঘটনা আল্লামা বদরুল হায়দার নাদভী দেখলেন, জিহাদকে নিয়ে জীপ চলে যাওয়ার পর এন্টি স্মোক চুইংগাম মুখে ফেলে চিবোতে-চিবোতে মনে-মনে বলল– যা বেটা ফাঁসির আগে পর্যন্ত জেলে বাংলা ভাষার বাক্য গঠন আর বানান শিখোগে!

# Rising Sea Levels and its Impact on **COASTAL CITIES IN BANGLADESH**

[CLIMATE CHANGE]





**Zaima Dewan**
Grade 12 Tops Program Student

Rising sea levels are one of the clearest signs that our planet is changing—and not for the better. This rise is mainly due to the melting of ice caps and glaciers, as well as the expansion of seawater as temperatures increase. While this may sound like a distant problem, it's already hitting close to home for millions of people. In cities like Dhaka, the capital of Bangladesh, the consequences are becoming harder to ignore. Even though Dhaka isn't on the coast,its low elevation, dense population, and proximity to major rivers like the Padma, Meghna, and Jamuna make it incredibly vulnerable to rising waters.

The science behind rising sea levels is simple, yet alarming. Warmer temperatures cause polar ice sheets in Greenland and Antarctica to melt, adding more water to the oceans. On top of that, warmer water expands, making the ocean's volume even larger. Human activities, like burning fossil fuels and clearing forests, are accelerating these changes by pumping greenhouse gases into the atmosphere. If we stay on this path, experts warn that sea levels could rise by 1 to 2 meters by 2100. This is especially bad news for countries like Bangladesh, where much of the land is barely above sea level.

For Dhaka, the impact is already being felt. Flooding is becoming more frequent and severe, as rising seas push more water into the rivers. When these rivers overflow, entire neighborhoods can be submerged, damaging homes, schools, and hospitals. A 1-meter rise in sea levels could force millions of people to leave their homes, straining Dhaka's already overcrowded infrastructure. Roads turn into rivers, drainage systems back up, and daily life comes to a stand still.

Another serious problem is saltwater intrusion. As sea levels rise, saltwater seeps into rivers and underground water supplies. For people in Dhaka who depend on shallow wells, this means their drinking water becomes undrinkable. Salt-contaminated water isn't just unpleasant; it also leads to dangerous diseases like cholera and dysentery. This is especially harmful for poorer communities, where access to clean water is already a daily struggle. The health system, stretched thin as it is, has to cope with more patients, higher costs, and fewer resources to go around. The rising waters are also eroding riverbanks and undermining buildings, roads, and drainage systems. Dhaka's infrastructure was never designed to handle this level of stress. Buildings weaken, roads crumble, and repairs eat up resources that could be used for schools, healthcare, or jobs.


But Bangladesh is not giving up. The country is fighting back with a mix of adaptation and resilience strategies. Embankments and flood barriers are being built to protect low-lying areas from storm surges. In cities like Dhaka, infrastructure is being adapted with elevated homes, roads, and drainage systems designed to handle floodwaters. Along the coast, mangrove forests—natures own defense system—are being restored to absorb wave energy and prevent erosion. These efforts not only protect the land but also provide a home for wildlife and a livelihood for local communities.

Bangladesh knows that it can't solve this problem alone. The country is actively pushing for stronger international action on climate change. It needs the world to reduce greenhouse gas emissions and provide financial support to help vulnerable nations adapt. This kind of global cooperation is essential because rising sea levels don't respect borders. The people who have contributed the least to the problem—like those in Bangladesh—are the ones paying the highest price. In the end, the story of Dhaka's struggle against rising sea levels is about more than just one city or one country.

It's a story of climate justice. Without immediate action, millions of people face displacement, water scarcity, and economic collapse. But with determination, innovation, and global solidarity, there is hope for a more resilient and sustainable future.


Trust Money Exchange Canada
Top-ranking financial services guaranteed.
MUSTAK CHOWDHURY
CEO
437 267-6536
437 855 6536
bvcanadainc@gmail.com
starvision.travels@gmail.com
www.businessvisions.ca
Ria Money Transfer
Remiton
WESTERN UNION WU
tico.ca
T1390824
3000 Danforth Avenue, Unit # 4, Toronto ON, M4C 1M7, Canada


RONY SUR
Broker/Consultant
HOMELIFE
HIGHER STANDARDS
416-731-6192
YOUR COMMITMENT EMPOWERS US TO DELIVER AN UNFORGETTABLE EXPERIENCE AND EMPHASIZE THE VALUE OF COMMUNITY COLLABORATION.
THANK YOU FOR BELIEVING IN OUR VISION AND BEING A VITAL PART OF OUR JOURNEY.


OAKPARK
MORTGAGE GROUP
Brokerage# 12741
OAKPARK
We care and we are committed
MORTGAGE
Construction loan
Home equity loan
Private fund available
Unit-C112, 55 Lebovic Avenue
Toronto, ON MIL 4V9
akhan@oakparkmortgage.com
www.akhanmortgage.com
ASHAD
ashab khan
M: 647.295.5219
O: 416.757.4224
Mortgage Agent/Managing Partner License : M08006192
OAKPARK



# একদিন মিশে যাই সম্মিলিত দৃশ্যকল্পে

জামিল বিন খলিল

একদিন এসো, একটা বিরাট মাঠে সবাই মিলে আঁকি আমাদের মানচিত্র, আমাদের টেকনাফ থেকে তেঁতুলিয়া। সবাই মানে সবাই; শিশু, কিশোর-কিশোরী, তরুণ-তরুণী, যুবক-যুবতী, বয়োজ্যেষ্ঠ, সবাই। সবাই মিলেই আঁকি আমাদের বাংলাদেশ।

বাবা মানুষেরা মানচিত্রের চারদিকে আঁকবে সুরক্ষা দিগন্ত; মায়েরা আঁকবে ঘরবাড়ী, উঠোন; শিশুরা আঁকবে আকাশ, কিশোরীরা সবগুলো শহরে এঁকে দেবে নদী, কিশোররা আঁকবে পাহাড়। লাল-সবুজের শাড়ী পরা স্নিগ্ধ তরুণীরা এঁকে দেবে মানুষের মুখ; দৃপ্ত তরুণেরা আঁকবে স্বপ্ন। পিতামহ-মাতামহীদের মতো বয়োজ্যেষ্ঠ যাঁরা, তাঁরা পরম যত্নে আঁকবে ইতিহাস, সেই আবহমান কাল থেকে শুরু করে ৫২, ৬৯, ৭১ ............ তরতর করে উঠে আসবে হাজার বছরের পথচলা; মায়ের মতো মমতাময়ী কিছু মুখ বলবে- 'দেখো দেখো কিছু মানুষ কাঁদছে'।

শিশুদের হাতে থাকবে ভালবাসা নামের রঙতুলি; তারা দৌড়ে যাবে, পরম মমতায় মানুষগুলোর অশ্রু মুছে দেবে। কিছু মানুষ চিৎকার করে বলবে-#৩৯; দিগন্ত দেয়ালে কতগুলো ফুটো দেখা যায়'। তরুণেরা ছুটে যাবে একাত্তরে, তরুণীরা বায়ান্নে। সেই মাটি, ঘাসফুল, পলাশ-শি-মুল, অঙ্গীকার আর দ্রোহ মিশিয়ে বন্ধ করে দেবে সব ফুটো । বেণী দুলিয়ে এক তরুণী বলবে- 'চলো পুলিশের গাড়ীগুলো সাদা রঙ করে দিই'। পুলিশের গাড়ীতে কোন সাইরেন থাকবে না। ওরা ছুটে গেলে আর ভয় নয়, বাতাসে ছড়াবে আবহ সুর-

'সকল দেশের রাণী সে যে
আমার জন্মভূমি, আমার জন্মভূমি'।


ঝাঁকড়া চুলের এক তরুণ বলে উঠবে- 'প্রতিমাসে একদিন ঘাসের বুকে প্রভাতফেরী হবে; খেঁটে খাওয়া মানুষের সাথে রাজপ্রাসাদের তুলতুলে মানুষেরা গলাগলি হেঁটে যাবে'। শীত এলে ছবির মানুষেরা জবুথবু হবে; মায়েরা বলবে- 'ওরা কষ্ট পাচ্ছে, কিছু করো'। তরুণেরা, যুবকেরা ছুটে যাবে উণসত্তরে; দুহাত ভরে আগুণ নিয়ে ছুটে যাবে বাড়ীতে বাড়ীতে, উঠোনে উঠোনে জ্বলিয়ে দেবে আগুণ। সবাই গোল হয়ে বসে আগুণ পোহাবে নিশ্চিন্ত উষ্ণতায়। দাদুর মতো কিছু মানুষ বলবে- 'সব বাড়ীগুলোর জানালা বন্ধ কেন'? সাথে সাথে সব কিশোর- কিশোরীরা দল বেঁধে ছুটে যাবে, খুলে দেবে সমস্ত জানালা। সেই জানালা গলে সারা ঘরময় খলবল ছড়িয়ে পড়বে সূযের হাসি। ঝলমলে হবে চারদিক- আকাশ, মানুষ, নদী, বনবনানী। হঠাৎ সব শিশুরা একসাথে সব রঙ ঢেলে দেবে মানচিত্রের চারদিক থেকে। রঙের ঢেউয়ে বর্ণালী হবে প্রকৃতি, মানুষ আর জীবন। ছবির পাখীরা উড়ে যেতে যেতে বলবে- 'আজ কি তোমাদের বিজয় দিবস'? শিশুরা বলবে- 'আমাদের প্রতিদিন উৎসব'। মানচিত্র ঘিরে থাকা আমরা একে একে চুপচাপ মিশে যাবো ছবির পরতে পরতে; প্রতিদিনের উৎসবে।দিগন্তে আলো ছড়াবে এক স্নিগ্ধ প্রশান্ত রমণীর মুখ। এক শান্ত সৌম্য দ্যুতিময় হাসিমুখ। তাঁর অযুত আকাশ-বুকজুড়ে তাঁর সব সন্তানেরা সমবেত গেয়ে যাবে-

আমার সোনার বাংলা আমি তোমায় ভালবাসি
আমার সোনার বাংলা আমি তোমায় ভালবাসি
আমার সোনার বাংলা আমি তোমায় ভালবাসি


KANAN'S Guardian PHARMACY
SINCE 1964
আমাদের ফার্মেসী এখন এগলিন্টন এভিনিউ, মারখাম রোড
ও কিংস্টন রোড সংলগ্ন মারকিংটন স্কয়ারে অবস্থিত।
আমাদের নতুন ফার্মেসীর সাথে রয়েছে–
One Stop Medical Services
বাংলাদেশী মালিকানাধীন
Walk-In Clinic & Family Doctors.
Lab & EKG.
X-Ray & Ultrasound-next door.
Dentist-next door.
Optometrist & Optician-within same building.
N
W
E
S
Kingston Rd
OUR SERVICES
Free Prescription Pick Up & Delivery.
Accept All Public & Private Drug Plans.
Help You With Drug Plan Application.
Waive $2 co-pay for all Insurances.
বিগত দশক ধরে কমিউনিটি সেবায় নিয়োজিত এবং
নিবেদিত ফার্মাসিস্ট
কানন বড়ুয়া'র
নতুন ও একমাত্র ফার্মেসী এখন এই ঠিকানায়–
Kanan Barua, M. Pharm., R.Ph.
Pharmacist Owner
ফার্মাসিস্ট কানন বড়ুয়ার নতুন ফার্মেসী
KANAN'S Guardian PHARMACY
416-264-1110
pharmacistkanan@gmail.com
3227 Eglinton Ave E, Unit 143-144, Scarborough, Ontario


ডেনফোর্থ বিউটি সেলুন
DANFORTH BEAUTY SELON
Our Services
• HAIR CUT & STYLE
• MEN'S HAIR CUT
• LADIES HAIRCUT
• COLOUR
• THREADING
• PARTY MAKEUP
• BRIDAL MAKEUP
• HENNA
• HIGHLIGHTS
• NAILS
(416) 619-0234
(647) 282-7155
2914 DANFORTH AVE, ON M4C 1M1


Your Personal Realtor for Life!
Call now
416 880 8993
FREE HOME EVALUATION
LET US HELP YOU SELL YOUR HOME !
CONTACT US BEST PROFESSIONAL SERVICES !!
Century 21
INNOVATIVE REALTY INC.
BROKERAGE
Not intended to solicit buyers or sellers currenty under contact with a broker



# একজন সেক্টর কমান্ডারের সংক্ষিপ্ত জীবনী..

যিশু চৌধুরী

মুক্তিযুদ্ধের ৪নং সেক্টর কমান্ডার চিত্ত রঞ্জন দত্ত, যিনি সি আর দত্ত নামে পরিচিত। মহান মুক্তিযুদ্ধের সেক্টর কমান্ডারস ফোরামের জৈষ্ঠ্য সহ-সভাপতি ছিলেন তিনি। মেজর জেনারেল চিত্ত রঞ্জন দত্ত বীর উত্তর এর সংক্ষিপ্ত জীবন বৃত্তান্ত


পহেলা জানুয়ারি ১৯২৭ সালে ভারতের মেঘালয়ের রাজধানী শিলং এ জন্মগ্রহণ করেন চিত্ত রঞ্জন দত্ত। পাঁচ ভাই দুই বোনের মধ্যে তিনি ছিলেন তৃতীয়। পিতা উপেন্দ্র চন্দ দত্ত একজন পুলিশ অফিসার ছিলেন, মাতা লাবণ্য প্রভা ছিলেন একজন গৃহিনী। ভারতে জন্ম হলেও তার পিতৃনিবাস ছিলো সিলেটের হবিগঞ্জ জেলার চুনারুঘাট উপজেলার মিরাশি গ্রামে। তাঁর ঠাকুর দা ছিলেন চুনারুঘাট এলাকার একজন খ্যাতিমান জমিদার। দত্ত বাড়ির জমিতে তাঁর ঠাকুর দার প্রতিস্ঠিত একটি স্কুল এখনো রয়েছে। ২য় শ্রেণী পর্যন্ত শিলং এর লাবান স্কুলে পড়াশোনা করেন তিনি। পরে তিনি হবিগঞ্জ সরকারি স্কুলে পড়াশোনা করে ১৯৪৪ সালে মাধ্যমিক স্কুল পাশ করেন। কলকাতার আশুতোষ কলেজে ভর্তি হয়েও বাবার ইচ্ছেতে খুলনার দৌলতপুর কলেজ থেকে আইএসসি ও বিএসসি পাশ করেন। সংসার জীবনে তিনি তিন মেয়ে ও এক পুত্র সন্তানের জনক। ১৯৫১ সালে কলেজ হোস্টেলে থাকাকালীন সময়ে পাকিস্তান আর্মিতে যোগ দেন তিনি। ১৯৬৫ সালে ভারত পাকিস্তান যুদ্ধে বীরত্বের সাথে লড়াই করেন তিনি। পাকিস্তান সরকার এজন্য তাঁকে পুরস্কৃত করে। ১৯৭১ সালে বিগ্রেড কমান্ডার হিসেবে বীরত্বের সহিত যুদ্ধ করেন এবং বাংলাদেশ সরকারের ২য় সর্বোচ্চ বীর উত্তম খেতাবে ভূষিত হন। ১৯৭২ সালে বিগ্রেড কমান্ডার, ১৯৭৩ সালে বিডিআর এর প্রথম ডাইরেক্টর জেনারেল হিসেবেও দায়িত্ব পালন করেন সিআর দত্ত। ১৯৭৭ সালে মুক্তিযুদ্ধ কল্যান ট্রাস্টের চেয়ারম্যান ও ১৯৭৯ সালে বিআরটিসির মহাপরিচালক হিসেবে যোগদান করেন। ১৯৮৪ সালে অবসর গ্রহণ করেন তিনি। রাজনৈতিক পালাবদলে সেই সময়ে মুক্তিযুদ্ধের বিপরীত শক্তি অনেকেই রাজনৈতিক ক্ষমতায় অধিষ্ঠিত হয়ে যায়। তারা প্রকাশ্যে না হলেও ভেতরে ভেতরে দুরভিসন্ধিমূলক কর্মকান্ড অব্যাহত রাখে। তখন কোন কারন ছাড়াই মুক্তিযোদ্ধা কল্যান ট্রাস্টের গ্যাস ফ্যাক্টরি, কোকাকোলার মত লাভজনক প্রতিষ্ঠানগুলো বিক্রি করে দেওয়ার প্রচেষ্টা শুরু হয়। কিন্তু সিআর দত্ত প্রতিষ্ঠানগুলো বিক্রি বিরোধীতা করেন, কারন প্রতিষ্ঠান গুলো ছিলো শহীদ ও যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের পরিবারের একমাত্র আয়ের উৎস। বিষয়টি নিয়ে সরকারের সাথে মানসিক দূরত্ব তৈরি হয়। ফলে এরশাদ সরকারের সময়ে আইনবর্হিভূত ভাবে এলপিআর ছাড়াই অবসর নিতে হয় তাকে। ১৯৮৮ সালে হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদের প্রতিষ্ঠাতা সভাপতি হিসেবে নতুন করে যাত্রা শুরু করেন তিনি। একই সাথে তিনি পূজা উদযাপন পরিষদ গঠন করেন, যা আজও সংখ্যালঘু সম্প্রদায়ের সংগঠন হিসেবে কাজ করে যাচ্ছে। এই কৃতি সন্তান ২০২০ সালের ২৫শে আগস্ট আমেরিকার ফ্লোরিডায় তাঁর মেয়ের বাসায় শেষ নি:শ্বাস ত্যাগ করেন। আমরা তাঁর প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করছি। তার সুযোগ্য কন্যা ব্যরিস্টার চয়নিকা দত্ত বর্তমানে টরেন্টে-াতে স্বনামধন্য আইনজীবি হিসেবে কাজ করে যাচ্ছেন।







সততা ও বিশ্বস্থতার সাথে আপনাদের সেবায় নিয়োজিত





# প্রজন্ম শিখবে নেতৃত্ব!!

ড. শাফি, ক্যানাডিয়ান পাবলিক হেলথ

সমকালীন শতাব্দীতে সমাজকে বিভক্তিকরনের মধ্য দিয়ে দীর্ঘ মেয়াদি শাষন প্রতিষ্ঠার চর্চা চলছে। যা' সুস্থ সামাজিক ব্যবস্থাকে বাঁধাগ্রস্থ করছে। "Divide & Rule" পদ্ধতিতে শাষন (কিংবা দু:শাষন) ব্যবস্থা বহাল রাখতে যে কোনো কূটনৈতিক পদক্ষেপ নেয়া হয়েছে যুগের পর যুগ, কিন্তু সাধারন শান্তিপ্রিয় জনগণের দিনপঞ্জীতে কোনো পরিবর্তন দেখা গেছে কি?

উচ্চমূল্যে আলু/পেঁয়াজ কেনার সামর্থ জোগাড় করতেই হিমশিম খাচ্ছে জনগণ! মাথা গোঁজার সামান্য ঠাঁই মিলছে তো ফুডব্যাংকে দীর্ঘ লাইনে যথসামান্য খাদ্যদ্রব্যের অপেক্ষা, স্বাস্থসেবার প্রয়োজনে মাসের পর মাস অতিষ্ঠ অপেক্ষার পালা। একটা পেটচুক্তির চাকরীও দুষ্প্রাপ্য এখন! অনেকেই সঠিক দিকনির্দেশনার অভাবে পাড়ি দিচ্ছে আটলান্টিকের এপাড় কিংবা ওপাড়ে। ক্যানাডিয়ান Diaspora'র গ্রাফ বেড়েই চলেছে উর্ধমূখী (vertically)!

কার্য্যত, সাধারণ জনগণ তখনই ক্রমান্বয়ে স্বার্থপর হয়ে ওঠে যখন তারা বিশ্বাস করতে শুরু করে যে, 'তাদের মূল্য' (Identity) কেবলমাত্র তারা নিজের জন্য যা অর্জন করতে পারে বা সঞ্চয় করতে পারে কেবল তার মধ্যে দিয়েই নির্ধারিত হবে। ব্যক্তিগত লাভের তাড়নায়, তারা এই সত্যটি হারিয়ে ফেলে যে, জীবনে 'প্রকৃত পরিপূর্ণতা' আসে সামাজিক-যোগাযোগ, পারস্পরিক সহানুভূতি এবং অন্যের উপকারে অবদান রাখার মাধ্যমে।

জনগণকে দিকভ্রান্ত করতে সুচিন্তিত এবং সুদূরপ্রসারী নক্সা তৈরী ক'রে বদলে দেয়া হচ্ছে সামাজিক সম্প্রীতি, সুদৃষ্টিভঙ্গী অথবা অন্যের ভালো কাজের প্রশংসা করা কিংবা বিপদে পাশে থাকার ভালো মানসিকতাগুলো। শেখানো হচ্ছে চরম আত্মকেন্দ্রীকতা, মুনাফা নির্ভর পথচলা এবং অসহিষ্ণুতা; এক কথায় Bystander' practice!

জনমত, দল, বা দর্শনের ভিন্নতা থাকতেই পারে। কিন্তু তাতে 'পরিবর্তনের জন্য সংলাপ' থেমে থাকতে পারে না। এখন সময় এসেছে থমকে দাঁড়ানোর, একে অন্যের কাঁধে হাত রেখে পাশে থাকার। আমরা একটা সর্বদলীয় "বাংলাদেশী ক্যানাডিয়ান ঐক্য কাউন্সিল" (Collaborative Canadian Bangladeshi Council -CCBC) দেখতে চাই। যেখানে ব্যক্তির শোডাউন নয়, বরং পুরো টিমের সমন্বিত শোডাউন হবে জাতীয় এবং সামাজিক প্রয়োজনে।

একটা সাম্প্রতিক উদাহরণ দিচ্ছি। বাংলাদেশের এবারের অস্বাভাবিক বন্যায় সাধ্য অনুযায়ী কমবেশী অনেকেই হয়তো সাহায্য করেছেন, কিন্তু দু:খজনক হ'লো, অনেকেই নিজেদের Identity highlight করার জন্য সামষ্টিক না-হ'য়ে বরং এককভাবে বাংলাদেশে সাহায্য পাঠিয়েছেন; যেটা সমন্বিতভাবে Centralise ক'রে পাঠানো যেত। আমরা সবাই জানতে পারতাম ক্যানাডা থেকে সর্বমোট কতটা পাঠানো হয়েছে সে-সময়ে, আমাদের সবার অংশগ্রহনে বিশাল একটা কিছু করা যেত সমন্বিতভাবে। যা'রা নিজেদের অনুদানকে যৎসামান্য পরিমান মনে ক'রে সংকোচের কারনে সাহায্য পাঠানোর সুযোগ থেকে বঞ্চিত হয়েছেন, তাঁরাও সমন্বিত সেলের মাধ্যমে পাঠানো হ'লে নিজেদের সেই বৃহৎ পরিসরে অংশ নিতে পেরে আত্মসন্তুষ্টি বোধ করতেন। ক্ষুদ্র ক্ষুদ্র ধূলিকণা এবং বিন্দু বিন্দু জল তৈরী করতে পারে সীমানা বিহীন শক্তির উৎস। আমরা কি পারিনা সীমানা বিহীন শক্তিকে এক কেন্দ্রীক স্রোতে জাতীয় প্রয়োজনে ভালবাসার জনসমুদ্রে পরিবর্তন করতে? আমাদের বাঁধা কোথায়? বাঁধাগুলো কি-কি?

বিজ্ঞ পাঠক, সিদ্ধান্ত আপনার। ভালোর জন্য পরিবর্তন চাইলে তা' বদলে দিতে পারে আমাদের পরবর্তী প্রজন্মের জনস্রোতকেও। ক্যানাডায় ২০-৩০ বা ৪০ বছর বসবাস করলেই ক্যানাডিয়ান হওয়া যায় কি? কেউ কি তা' হ'তে পেরেছেন? বরং, মনের সীমান্তবিহীন একজোট হওয়া জনস্রোত জোড়ালো আওয়াজ তুলতে পারবে ক্যানাডিয়ানদের কেন্দ্রভূমিতে দাঁড়িয়েও; যদি এক হই সবাই। বিভেদের প্রাচীর সরিয়ে, ভুলত্রুটি ক্ষমা ক'রে পাশে এসে দাঁড়াতে হবে। কিছু সুভাষী-মানুষ বিভেদের সুক্ষ নিমন্ত্রণ/আমন্ত্রণ জানান, 'ব্যক্তি' ('আমিই সেরা' জাতীয়) তথ্য বিনিময় ক'রে তাবেদার এবং ফলোয়ার সৃষ্টি ক'রে গাছে উঠিয়ে পরে মই নিয়ে দূরে বসে অবলোকন করতে থাকেন। তবুও আমাদের এগিয়ে যেতে হবে।

এতে প্রজন্ম শিখবে নেতৃত্ব কাকে বলে। হাজার গাংচিল কিংবা হরিণের অভয়ারণ্যে 'শেয়াল' নয়, 'বাঘ' দেখতে চাই আমরা। 'জনজাযক' দেখতে চাই আমরা। আদিম অসভ্য যুগের সংগে এযুগের বৈসাদৃশ্য কি শুধুই বেশী টাকায় কেনা আধুনিক ডিজাইনের পোষাকে কিংবা প্রতিযোগিতা নির্ভর ফেসবুকীয় ছবিগুলোতে, যা' প্রায়শ:ই 'Identity জাহির' করার চাইতে 'Identity crisis' এর দৈন্যতা প্রকাশ ক'রে ফেলছে অবচেতনে?! অন্ধ প্রতিযোগিতার মোহে আসক্ত হ'য়ে পড়েছে একাধিক Generations…..

বিজ্ঞ পাঠক, শুরু হোক পরবর্তী প্রজন্মের ব্যাপক অংশগ্রহনের মধ্য দিয়ে সেই অনঢ়/দৃঢ়চেতা ঐক্য ॥



# চিত্রাংকন প্রতিযোগিতায় সহযোগী প্রতিষ্ঠান

BANGLA SCHOOL TORONTO

বাংলা স্কুল

# টরন্টো বাংলা স্কুল

যোগাযোগ: 647 712 0849, 437 345 6722





# অসুখে বিসুখে পথ্যের ভূমিকা

**ফারজানা লিমা**
পথ্যবিদ

আধুনিক পথ্যবিদরা মনে করেন মুমূর্ষ অবস্থায় একজন রোগীর প্রয়োজন ঔষধ এবং তারপরই পথ্য। আবার মুমূর্ষ অবস্থা থেকে অব্যাহতি পাওয়ার সঙ্গে সঙ্গে রোগীর জন্য ঔষধের প্রয়োজনীয়তা তুলনা মূলকভাবে কমতে থাকে এবং পথ্যের প্রয়োজনীয়তা বাড়তে থাকে। কোন কোন রোগের বেলায় পথ্যই রোগ নিয়ন্ত্রনের প্রথম বিষয় হিসেবে কাজ করে।
রোগ নিরাময়ে পথ্যের ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ রোগের সঙ্গে ঔষধ পথ্য কথাটি অঙ্গাঅঙ্গীভাবে ভাবে জড়িত। বিখ্যাত চিকিৎসা বিজ্ঞানী ইবনে সিনা বলেছেন যে রোগী খাবার খেতে পারে তার রোগ নিরাময় দ্রুততর হয়। এবার আমরা দেখি পথ্য বলতে কী বোঝায়।


**পথ্য:** রোগের বিশেষ বিশেষ অবস্থায় যথার্থ পরিমিত উপযোগী খাদ্যদ্রব্য যা ঐ রোগ উপশম করে যা রোগীকে সুস্থ্য করে তুলতে সাহায্য করে তাই পথ্য।খাদ্যের প্রাথমিক প্রয়োজন ক্ষুধা নিবারণ করা। তবে তা যেমন মুখরোচক বা সুস্বাদু হওয়া বাঞ্চনিয় তেমনি পথ্য রোগীর উপযোগী ও পছন্দনীয় হওয়া একান্ত অবশ্যক। বিজ্ঞানসম্মত উপায়ে পথ্যের সাহায্যে যে চিকিৎসা করা হয় তাকে diet therapy বলে। কোন কোন রোগের বেলায় পথ্যই রোগ নিয়ন্ত্রণের প্রথম বিষয় হিসেবে কাজ করে। যেমন প্রাথমিক পর্যায়ের ডায়াবেটিস রোগে পথ্যই ডায়াবেটিস নিয়ন্ত্রণে বিশেষ ভূমিকা পালন করে।

- আবার ওজনাধিক্য বা কম ওজন সম্পন্ন ব্যক্তির জন্য পথ্য গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।
- তেমনি ভাবে আয়রনের অভাবজনিত অ্যানিমিয়া রোগ নিয়ন্ত্রণে আয়রন সমৃদ্ধ খাবার অনেকখানি সহায়তা করে।
- চোখের সুস্থতা রক্ষায় ভিটামিন "এ" সমৃদ্ধ খাবার (যেমন হলুদ, গাঢ়সবুজ কমলা রঙের শাকসবজি ফলমূল, কলিজা, ডিমের কুসুম) প্রয়োজন।
- কোষ্ঠকাঠিন্য রোগে আঁশ সমৃদ্ধ খাবারই পারে এ অসুবিধা দূর করতে।
- ভিটামিন রিবোফ্লোভিন এর অভাবে ঠোঁটের কোনায় ঘা দেখা দেয়। এ রোগ উপশমে রিবোফ্লেভিন সমৃদ্ধ খাবার (কলিজা দুধ, ডিম, মাছ, মাংস, ইত্যাদি)খাওয়া উচিত।
- স্কার্ভি রোগে দাঁতের মাড়ি ফুলে যায় ও রক্ত পড়ে চামড়া খসখসে হয়, চুলকায় এবং লোমকূপের শিরায় রক্ত ফোটা দাগ পড়ে। দেরিতে ক্ষত নিরাময় হয় রোগ প্রতিরোধ ক্ষমতা কমে যাওয়াসহ এইসব উপসর্গ দেখা যায় আর এইসব উপসর্গ প্রতিরোধে ভিটামিন সি সমৃদ্ধ খাবার যেমন আমলকি, পেয়ারা, জাম্বুরা, কামরাঙ্গা কাঁচামরিচ, ফল সবজি খাওয়া যায়।
- শিশুদের মধ্যে গা ফোলা রোগ ও হাড়ের রোগ এগুলো উপযুক্ত খাদ্যের অভাবেই হয়ে থাকে। আর উপযোগী পরিমিত খাবার দিয়ে রোগগুলোকে অনিকাংশে নিরাময় করা সম্ভব।

**পথ্য নির্বাচন :** রোগীর পথ্য তৈরি করতে কয়েকটি বিশেষ অবস্থা বিবেচনা করা হয়।
> রোগের বিভিন্নতা অর্থাৎ কি ধরনের রোগে ভুগছে।
> রোগীর শরীরে কি কি ভিটামিন বা খনিজ উপাদানের অভাব বা আধিক্য রয়েছে।
> রোগীর শারীরিক অবস্থা।
> কোন বিশেষ খাবার অরুচি বা অনীহা।
উপরের উল্লেখিত অবস্থাগুলো বিবেচনা করেই বিভিন্ন রোগে বিভিন্ন প্রকারের খাবার তৈরি করা হয়।

**পথ্য পরিকল্পনা:** পথ্য পরিল্পনায় প্রথমেই রোগ নির্ণয়ের ব্যাপারটা চলে আসে। যেমন রোগটি জীবানু দ্বারা হতে পারে আবার খাবারের অভাবে বা খাবার খেয়ে হজম করে তা থেকে প্রয়োজনীয় পুষ্টি উপাদান শোষণ করার অক্ষমতা থেকেও হতে পারে। প্রচুর খাবার গ্রহণ করার পরও পাকস্থলী এবং অন্ত্রনালী অসুখে কিছু কিছু উপাদান রোগীর শরীরে কমবেশি হয়ে থাকে আর সেই বিশেষ উপাদান সমৃদ্ধ খাবারই রোগীকে পরিবেশন করা উচিত।
পথ্যটি কিভাবে রোগীকে পরিবেশন করা হবে তা নির্ভর করে রোগীর শারীরিক অবস্থার উপর। অর্থাৎ রোগী কতটা দুর্বল কোন অবস্থা (কঠিন/তরল) খাদ্য সে গ্রহণ করতে পারে। রোগীর অবস্থা বিবেচনা করে ডাক্তার, নার্স এবং পথ্যবিদ সম্মিলিতভাবে পথ্য পরিকল্পনা করে থাকেন। রোগীর স্বাভাবিক খাদ্য তাই পরিবর্তন করে এ পথ্য পরিকল্পনা করা হয়।
- পুষ্টি উপাদান: ভিন্ন ভিন্ন রোগের প্রোটিন ফ্যাট কার্বোহাইড্রেট ভিটামিন বা মিনারেল উপাদানের পরিবর্তন করা।
- ক্যালোরি: প্রয়োজন বোধে ব্যাপক পরিবর্তন করা।
- টেক্সচার: খাদ্যদ্রব্যের টেক্সচার বিভিন্ন রোগে বিভিন্ন রকম হতে পারে। যেমন অর্ধশক্ত/নরম/তরল, অর্ধতরল, জলীয় স্বচ্ছ পথ্য ইত্যাদি।

পরিশেষে বলতে চাই, পথ্য নির্বাচনের পর পথ্য তৈরি ও পরিবেশনকালে প্রস্তুতকারীর সুস্থতা ও পরিস্কার পরিছন্নতার প্রতি বিশেষভাবে খেয়াল রাখতে হবে। যাতে, খাবার জীবানু দ্বারা দুষিত হয়ে রোগীর মধ্যে না ছড়ায়। এতক্ষণের আলোচনায় এটা স্পষ্টভাবে প্রতিয়মান হয় যে "রোগ নিরাময়ে পথ্যের ভূমিকা অপরিসীম"




## ঠিকানা
দেলওয়ার এলাহী

কিছুপথ হেঁটে গেলে সমুখে
তারপর বাঁয়ে নেবে বাঁক।
দেখবে টিনের চালার উপর সিমের মাচার
লতানো এক ঝাঁক।
অতঃপর, সামনে যে বাঁধানো পাঁচিল-
পার হয়েই দেখবে
একটি দরোজায় নেই খিল।
এই ছোট্ট একটি বাড়ি
নিভৃত,
একাকী।
তারই দু'টি কামরার একটিতে আমি থাকি।
ভয় পেয়োনা, সহসা দ্যাখো যদি বেরিয়ে আসেন ইশ্বর।
আমরা তো একসাথে থাকি
আমাদের একই ছাদের ঘর।

## রোদেলা সময়ের প্রতীক্ষা
**জামিল বিন খলিল**

ভাঙা ঘড়িটার নিশ্চল কাঁটা শ্মশানের ধারাপাত।
মধ্যবয়সী নারী কেঁদে ওঠে দুমড়ানো আঙিনায়;
কুমড়োর মাচা নুয়ে গেছে ঝড়ে, ইঁদুরের উৎপাত!
ভোর না হতেই গাদাগাদি ভিড় গোধূলির ভরা নায়।
যাত্রীরা দেখে জর্দার মতো গ্রামগুলো চুরচুর।
গঞ্জের নাও দিক বদলায়, মরে গেছে নদীপথও।
গোলাপ কুঁড়িতে গ্রহণের ঢেউ, ঢেকে গেছে রোদ্দুর,
হরিণের মুখে হায়েনার হাসি শ্বাপদেরা উদ্ধত ।
ঝলসানো পথে নতজানু শব, মরানদী হেঁটে যায়,
থুত্থুড়ে গ্রাম জবুথবু বেশ মৃত আয়নায় চোখ।
ধ্বসে পড়া ঘর ঘোর লাগা শেষে সূর্য্যের দিকে চায়-
জ্যোৎস্নার শিশু কবে ছুঁয়ে যাবে লাল-সবুজের শোক!
নুয়ে পড়া প্রাণে চেতনার গানে আগুনের দাউদাউ!
মুক্তির মোহে ছুটে চলো দ্রোহে বারুদের তরী বাও;
শৃংখল টুটে সূর্য্যকে লুটে শুষে নাও সংশয়।
শপথের বাণে বজ্রের স্নানে দস্যুর পরাজয়!

## মর্মকথা
মুনিরা সুলতানা মিলি

সময়ের চাকা ঘুরছে!
আনন্দ বেদনার স্মৃতি বিস্মৃতির অতল তলে বেহালা বেজে যায়;
আশায় আশায়, কখনো বা আতংকিত নয়নে
শুন্যপানে চায় মহা ভরসায় পূর্ণতা পায় যদি!
স্বাধীন দেশের স্বাধীন মানুষ আজো স্বাধীনতা খুঁজে ফিরে,
কেনো ওরা আজো খোঁজে ভরসার স্থল?
কবিতার ভান্ডারে আজ এতো শব্দ তবু শব্দ খুঁজে মরি!

রক্তে রাঙা হয় রাজপথ বারে বারে!
অথচ কথা ছিলো একটি পতাকা পেলে
সেই পতাকার নীচে আশ্রয় নিবে মুক্তিকামী হাজারো মানুষ!
রাম, রহিম, বর্ণালী আর রহিমা!
কথা ছিলো যুদ্ধ শিশুরা ও পাবে নরম কোল!
সবুজ ধানের আল পেড়িয়ে,
একটি কিশোরী মেয়ে তার বাবার জন্য নিয়ে যাবে
সাদা সফেদ ভাত দিনে অন্তত একবার!
কৃষকের মুখে ফুটবে মধুর হাসি।
দিন পেরিয়ে যায় মরীচিকা মেলায়!
খাঁখাঁ বালুচর! অতিথি পাখি ধান খেয়ে যায়
টান্ পড়ে কৃষকের পাতে।
কাঁটাতারে ঝুলে ফেলানীর লাশ!
পুড়ে ছাড়খার বিবেক আর মানবতাবোধ
একি চোরাবালি নাকি!
মায়ের চোখে আর নেই পানি
বাবা তসবীহ হাতে,
কী গুণে সে নিজেই জানে সকাল সন্ধ্যা রাতে।
রাস্তার মোড়ে দাঁড়িয়ে খোঁজে ছেলের গায়ের ঘ্রাণ
এতো সহজে চোখের নিমেষে চলে গেলো তাজা প্রাণ।
শহিদের রক্তে ভেজা মাটিতে জাগছে সবুজ নরম ঘাস।
দিনের আলো কালো রাত্রি শেষে আর নয় হতাশার দীর্ঘশ্বাস!
জেগেছে মানুষ জাগবেই মানুষ আলোয় রাঙানো সুপ্রভাত;
মুক্তিকামী মানুষের কাছে সম্প্রীতি হোক শক্ত বাঁধ।

জঙ্গীবিমান কাঁটাতারের ভয় তাড়িয়ে আসছে দেখো নতুন ভোর
বুলেট বোমা কেন মিছে
এই দেশটিতো ভাই আমার তোর।।



# আশ্বাস

সৈয়দা রোখসানা বেগম

ভাবিস না রে পাগলী-
মাথায় হাত রেখে বলে যায় সে,
সেই বিশ্বাসে দৌড়ে এসে
দাঁড়ায় মেয়েটি পথের পাশে।

হেলান দিয়ে খড়ের গাদায়
ভেঙে পরে সে অবাধ কান্নায়,
দাঁড়িয়ে দেখে যতদূর চোখ যায়
শীতের সকাল বেলায়।

ক্ষেতের আল পেরিয়ে
দৃষ্টির আড়ালে চলে যায়,
আস্তে আস্তে মিলিয়ে যায় কুয়াশায়
দাঁড়িয়ে থাকে একবার ফিরে তাকানোর আশায়।

রিকশা চালাবে বলে
সেই যে সোনামিয়া গেলো চলে,
মজে গেলো মোবাইল ফোনে
দেখে এক শহুরের মেয়েছেলে।

তারই ধ্যানে ক্লান্ত মেয়েটির
দিন যায় রাত আসে,
বছর পেরিয়ে চিন্তার রেশ
ক্ষীণ হয়ে ভাসে।

বছর তিনেক ঘুরতেই রমণী
গেলো একদিন বেঁকে,
কামাই করিস কত বলে
ছুড়ে ফেলে দিলো তাকে।


চকিতে মিয়ার বুকের ভিতর
মোচড় উঠে থেকে থেকে ,
ফেলে এসেছিলো অবহেলায়
সেই অষ্টাদশীটিকে।

শাশুড়ীর অত্যাচার আর আধপেটা খেয়ে
আশায় আশায় থেকে ,
জীবনের হার মেনে নিতে হলো
একদিন মুখপুড়িকে।

ফিরে এসে আর পেলোনা খুঁজে
পেলোনা সোনাঝুরিকে,
খুঁজে পেলো শুধু তারই দেয়া
শাড়ী চুড়ি আর আলতা চিরুনীকে।

সেই থেকে মিয়া দেখে ওই তো ওখানে
দাঁড়িয়ে কে যেন, পরনে কমলা শাড়ী,
একবার শুধু আড়চোখে দেখে
মিলিয়ে যায়, তার অবহেলার নারী।

## চিত্রকর্ম









*Artist*

**Supti Rahman**

Secretary

Women 'SAffair





# OMAR ZAHID LAW PROFESSIONAL CORPORATION

**ONE-STOP LEGAL SERVICES**

## Omar Hasan Al Zahid

Barrister, Solicitor & Notary Public
LLM (Osgoode, York University
LLB (with Honours), LLM (DU)

*Services*

- Residential and Commercial Purchase, Sale and Refinance
- Business Franchise Purchase and Sale
- Institutional Mortgages & Private Lenders
- Vacant Land, New Builds, Severances, Easements
- Urgent Closings
- Legal Advice for Sellers, Buyers, Lenders, Corporations
- Competitive Rates, Years of Experience, Quality Service.

(647) 341 7877
(647) 341 7977
info@ozahidlaw.ca
web: www.ozahidlaw.ca
2481 Kingston Road, Suite 201, Toronto, ON M1N 1V4

# *Greetings From*

# DR. ASM NOORULLAH TARUN

FAMILY PHYSICIAN



I am honored to greet the current and past members of the re-united Bangladesh Society, including all the founding organizers, for their hard work, commitment, and visionary leadership in uniting the Bangladeshi immigrant community in North America since 2001. It is a privilege to share my thoughtswith all of you.

As Bangladeshi immigrants, we often face challenges in adapting to a new socio-economic environment, including language and economic barriers, cultural shock, social isolation, lack of support systems, and uncertainty. Sometimes, we may have yet to learn where to begin building our Canadian dreams. However, through information exchange, support systems, and socio- cultural events- celebrating our cultural, linguistic, and food heritage through picnics, food festivals, and national day celebrations-the Bangladesh Society has played a pivotal role in uplifting and uniting our community. It has promoted inclusivity, multiculturalism, and religious diversity in Canada. These gatherings provide valuable opportunities for connection, mutual support, and the promotion of entrepreneurship and small businesses.

I deeply share the values of faith, family, and freedom, alongside the importance of community development, prosperity, and social cohesion. A stronger voice leads to a stronger community. As we stand together, I am confident that we can build a community where every individual, every family, and every small business owner has the opportunity to thrive, and where every voice is valued.

Together, we can continue to build a strong, inclusive, and visionary future for our community in Canada.

Best Wishes,
**DR. ASM NOORULLAH TARUN**
Family Physician
Scarborough, Ontario, Canada